গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ০৩/১২/২০২৪

# মাস্টার্স শেষ পর্ব'২০২২-এর ফরম পূরণের সময় বর্ধিতকরণ

মাস্টার্স শেষ পর্ব' ২০২২ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট (নিয়মিত,অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার্থীদের ফরম পূরণ ১০/১২/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য https://bbggc.eshiksaems.com/- এ প্রবেশ করে আইডি: bbggcstudent, পাসওয়ার্ড: bbggcstudent দিয়ে লগইন করে Pay through Sonali Pay অপশনে গিয়ে নিম্নোক্ত ফি জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা | ৪,৩৩০/- |
| ০২ | ইংরেজি ও দর্শন | ৪,২৩০/- |
| ০৩ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৩,৯৮০/- |
| ০৪ | অর্থনীতি ও ইতিহাস | ৪,০৮০/- |
| ০৫ | রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম ও সমাজবিজ্ঞান | ৪,১৩০/- |
| ০৬ | পদার্থবিজ্ঞান | ৪,০০০/- |
| ০৭ | গণিত | ৪,৫০০/- |
| ০৮ | রসায়ন ও উদ্ভিদবিজ্ঞান | ৪,৭৫০/- |
| ০৯ | প্রাণিবিজ্ঞান | ৪,৫০০/- |
| ১০ | মনোবিজ্ঞান | ৪,১০০/- |
| ১১ | ভূগোল ও পরিবেশ | ৪,২৫০/- |
| ১২ | গার্হস্থ্য অর্থনীতি | ৪,৫০০/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ২,৫০৫/- |
| ০২ | ০২ বিষয় | ২,৯০৫/- |
| ০৩ | ০৩ বিষয় | ৩,৩০৫/- |
| ০৪ | ০৪ বিষয় | ৩,৭০৫/- |

*** মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।**

*** নন-কলেজিয়েট শিক্ষার্থীদের আলাদা রশিদের মাধ্যমে অতিরিক্ত ১৫০০/- স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।**

*** নির্ধারিত সময়: ১০/১২/২০২৪ তারিখের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ থাকবে না।**

০৪.১২.২০২৪
প্রফেসর তামান্না বেগম
আইডি-২৫৬৩
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

চলমান পাতা-০২

৬/১২/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd



১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলিঃ**

(ক) **নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রেঃ**
২০২১-২০২২ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীরা (২০২১ সনের অনার্স ৪র্থ বর্ষ বিশেষ পরীক্ষায় উত্তীর্ণ) নিয়মিত, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রেঃ**
২০২০ ও ২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২২ সনের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২১ সনের একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি মানোন্নয়নের জন্য **C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে** ২০২২ সালের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় পরীক্ষার্থীরা নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে **C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** শুধুমাত্র পরবর্তী বছরেই মানোন্নয়নের সুযোগ পাবে।

(গ) **মানোন্নয়নের ক্ষেত্রেঃ**
২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় একজন শিক্ষার্থীর **GPA ২.৫০** এর কম হলে উক্ত শিক্ষার্থী ২০২২ সনের মাস্টার্স ফাইনাল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সিলেবাস ও নীতিমালা অনুযায়ী) পরীক্ষায় GPA উন্নয়নের জন্য **শুধুমাত্র ২০২১ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই) টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে । উল্লেখ্য যে, GPA ২.৫০ এবং এর উপরে থাকলে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নাই।**

(ঘ) **ইনকোর্স, টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোনো সুযোগ নাই।**

**উক্ত পরীক্ষায় যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে (মাস্টার্স শিক্ষাবর্ষঃ২০১৭-১৮ এবং ২০১৮-১৯) সেক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে {মাস্টার্স ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে এবং মাস্টার্স (২০১৭,২০১৮,২০১৯ ও ২০২০) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী ব্যতিত)}।**

২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলিঃ**

ক) নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইসকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ।**

৩। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (http://dua7c.com/) **লিংক এ গিয়ে** অনার্স এর রেজিস্ট্রেশন নম্বর (মাস্টার্স ২০২০, ২০২১, ২০২২ এর রেজিস্ট্রশন নম্বর হিসাবে প্রযোজ্য), বিষয় কোড (৪ সংখ্যার) ও মাস্টার্সের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৪/১২/২০২৪ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে আবেদনের মাধ্যমে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই (কলেজ কর্তৃক ভেরিফাই এর পূর্বে) সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. পরীক্ষার্থীদের মাস্টার্স শেষ বর্ষের ভর্তি রশিদের ফটো কপি।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৩. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

০৪.১২.২০২৪
(প্রফেসর তামান্না বেগম)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

বিতরণঃ
০১. কলেজ নোটিশ বোর্ড
০২. বিভাগীয় প্রধান
০৩. সংরক্ষণ নথি।

০৪/১২/২৪